গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd

তারিখঃ ২০ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ।


**প্রেস রিলিজ**

**জাতীয় রাজস্ব বোর্ড (NBR) ও বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (BAERA) এর মধ্যে Bangladesh Single Window (BSW) সিস্টেম ব্যবহারের বিষয়ে Memorandum of Understanding (MoU) স্বাক্ষর।**

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW মূলত একটি অনলাইন প্লাটফর্ম, যা ব্যবহার করে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য প্রযোজ্য সব ধরনের সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারবেন। CLP গ্রহণের পূর্বে Business Identification Number (BIN) ব্যবহার করে BSW সিস্টেমে (Website: bswnbr.gov.bd) নিবন্ধন করতে হবে। এই সিস্টেম ব্যবহারের ফলে আমদানি-রপ্তানি কার্যক্রমে যে সকল সুবিধা পাওয়া যাবে সেগুলো হলো:

- একটি কমন প্লাটফর্মে আমদানি-রপ্তানি পণ্যের জন্য প্রযোজ্য সার্টিফিকেট, লাইসেন্স এবং পারমিট সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক যুগপৎভাবে অনলাইনে সম্পন্ন করা হবে;
- সরকারী কাজে ব্যক্তিগত যোগাযোগ (হিউম্যান ইন্টারেকশন) না থাকায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে;
- পণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে সময় ও ব্যয় হ্রাস পাবে;
- দেশি-বিদেশী ব্যবসায়ীদের মধ্যে আস্থা সৃষ্টির মাধ্যমে বিনিয়োগ ও বাণিজ্যের প্রসার ঘটবে।

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন Bangladesh Single Window (BSW) System হতে ইতোমধ্যে স্বয়ংক্রিয়ভাবে ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর সংখ্যা অদ্য ২০/০৭/২০২৫ তারিখে ৪,৩১,১৬৯ (চার লক্ষ একত্রিশ হাজার একশত উনসত্তর) অতিক্রম করেছে। সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) সমূহের ৮৫.৩০% একঘণ্টার কম সময়ে এবং ৯৪.১৪% একদিনের কম সময়ে স্বয়ংক্রিয় প্রক্রিয়ায় ইস্যু করা হয়েছে। ইতোমধ্যে সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার (DGDA, EPB, DoEX, BNACWC, BEZA, BEPZA, DoE, BSTI, BAERA, BAEC, CAAB, BTRC, DOF, DLS, PQW, BIDA, BGMEA, BKMEA, CCI&E) ক্ষেত্রে ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট Bangladesh Single Window (BSW) সিস্টেমের মাধ্যমে দাখিল করার নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ১৯টি সংস্থা Bangladesh Single Window (BSW) পোর্টালে ইতোমধ্যে যুক্ত হয়েছে। BSW সিস্টেমের সাথে সুষ্ঠুভাবে কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে অদ্য ২০/০৭/২০২৫ তারিখে জাতীয় রাজস্ব বোর্ড (NBR) ও বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (BAERA) এর মধ্যে Memorandum of Understanding (MoU) স্বাক্ষর হয়। উল্লেখ্য, ইতোমধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে ৩৮টি দপ্তর/সংস্থা/মন্ত্রণালয়ের মধ্যে MoU স্বাক্ষরিত হয়েছে।



আমদানি-রপ্তানি বাণিজ্যে যুক্ত সকল অংশীজনকে Bangladesh Single Window (BSW) বাস্তবায়নে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হলো। যেকোন প্রয়োজনে কল সেন্টার এ (Hotline: 16139) ফোন করে এবং ওয়েবসাইট (www.bswnbr.gov.bd) থেকে BSW সংক্রান্ত সকল সেবা গ্রহণ করা যাবে।

২০/৭/২৫

মোঃ আল-আমিন শেখ
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

প্রাপক:
সম্পাদক/প্রধান বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।

C:\Users\PS-NBR\Downloads\প্রেস রিলিজ-word file for MOU.docx

CamScanner